# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 26 June, 2025

গত ৭ জুন ছিল নবাব স্যার সলিমুল্লাহর ১৫৩তম জন্মবার্ষিকী, যিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন।এই উপলক্ষে গত ২৪ জুন ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের আয়োজনে সলিমুল্লাহ মুসলিম হলে আয়োজন অনুষ্ঠিত হয়।অনুষ্ঠানে নবাব সলিমুল্লাহর বংশধর ও নব্বই দশকের জনপ্রিয় চিত্রনায়ক নাঈম অংশ নেন।

নাঈম জানান, তিনি ও তার পরিবার নবাব সলিমুল্লাহর অবদানকে সম্মান জানাতে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ও দেশের উচ্চশিক্ষা ও মুসলিম সমাজের উন্নয়নে তার ভূমিকার স্বীকৃতি দেওয়ার দাবিগুলো বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে উত্থাপন করেছেন।নাঈম বলেন, “আমাদের দাবিগুলো শুধু আমাদের নয়, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরও, যা কর্তৃপক্ষ আন্তরিকভাবে গ্রহণ করেছেন।”

তিনি বিশ্ববিদ্যালয় প্রশাসন ও হলের ছাত্র-ছাত্রীদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

উল্লেখ্য, নবাব সলিমুল্লাহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য জমি দান করেন এবং ১৯২০ সালের ঢাকা ইউনিভার্সিটি অ্যাক্ট পাশ করানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

ঢাবি নাঈম নবাব স্যার সলিমুল্লাহর ১৫৩তম জন্মবার্ষিকী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:20

URL: https://timestodaybd.com/entertainment/7758073747